



পল্লী সঞ্চয় ব্যাংক
প্রধান কার্যালয়

রেড ক্রিস্টেট বোরাক টাওয়ার (লেভেল-৮)

৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড

ঢাকা-১০০০

www.pallisanchaybank.gov.bd



নং পসব্য/প্রকা/পরি-২৯/২০২১-২২/ ০০৪ (?)

তারিখঃ ১৩/০৯/২০২১খ্রি

বিষয়ঃ সিএমএস সফটওয়্যারে গঠিত সমিতির মৃত ঋণ গ্রহীতাদের ঋণ সমন্বয় প্রসঙ্গে।


সূত্রঃ নং পসব্য/প্রকা/পরি-২৯/২০২১-২২/১১৬, তারিখঃ ০৪.০৮.২০২১ খ্রি.

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে উপজেলা হতে প্রেরিত সদ্য সমাপ্ত আমার বাড়ি আমার খামার প্রকল্পের (CMS Software এ গঠিত সমিতি) মৃত ঋণ গ্রহীতাদের তথ্য যাচাই-বাছাই করে মোট ৩০০৫ জন মৃত সদস্যের সংখ্যা নির্ধারণ করা হয় যারা সকলেই শুধুমাত্র আমার বাড়ি আমার খামার প্রকল্প হতে ঋণ গ্রহণ করেছিলেন। CMS Software এ গঠিত সমিতি সমূহ পল্লী সঞ্চয় ব্যাংকের মাইক্রোফাইন্যান্স সফটওয়্যারে শীঘ্রই স্থানান্তর হবে। কাজেই উক্ত সমিতি সমূহ স্থানান্তরের পূর্বেই মৃত ঋণ গ্রহীতাদের ঋণ সমন্বয় করা অত্যাাবশ্যিক। কেননা পরবর্তীতে ঋণ সমন্বয় ও সদস্য প্রত্যাহারের সুযোগ থাকবেনা। এ প্রেক্ষিতে নিম্নোক্ত পদ্ধতিতে ঋণ সমন্বয় করা যাবে।

সকল শাখার CO/CA অথবা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ তাদের নিজস্ব ID ও Password দিয়ে CMS Software এ প্রবেশ করে ABAK Management →Death Member Loan Adjustment-এ গিয়ে প্রথমে Samittee Select করার পরে Loan Account (মৃতসদস্য) সিলেক্ট করে Submit Button-এ Click করলে Loan সমন্বয় হয়ে যাবে। এতে করে সংশ্লিষ্ট উপজেলার Sattlement Account-এর Balance বৃদ্ধি পাবে এবং মৃত সদস্যদের Loan Account শূণ্য (০) হয়ে যাবে।

সংশ্লিষ্ট মৃত সদস্যদের সদস্য পদ পূর্বের ন্যায় প্রত্যাহার করতে হবে। এ সংক্রান্ত প্রয়োজনীয় নথিপত্র সংশ্লিষ্ট শাখায় সংরক্ষণ করতে হবে। আগামী ২০.০৯.২১ খ্রি. তারিখের মধ্যে উক্ত কাজ সম্পূর্ণ করতে হবে। প্রয়োজনে, আবদুল আলীম, অফিসার সাধারণ, (০১৯৫৮৬০১৫২৩) এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

বিষয়টি অতীব জরুরি।


১৬.৯.২১
(আকবর হোসেন)

ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব)

পল্লী সঞ্চয় ব্যাংক

headoffice@pallisanchaybank.gov.bd

সদয় অবগতি/ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :-

- ১। চেয়ারম্যান, পল্লী সঞ্চয় ব্যাংক।
- ২। মহাব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক।
- ৩। সহকারী মহাব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার.....সকল।
- ৫। স্টাফ অফিসার টু ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৬। স্টাফ অফিসার টু মহাব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৭। জেলা (আঞ্চলিক) কার্যালয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, পল্লী সঞ্চয় ব্যাংক.....জেলা।
- ৮। শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক.....শাখা।
- ৯। অফিস নথি/মহানথি।